



ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

নম্বর ২৭.১২.৩০২৯.৫১৬.০১.০০৮.২৩.৩৬৫১

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০

০৮ অক্টোবর ২০২৩

“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ”

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য বিভিন্ন প্যাকিং কাঠ ও তারের খালি ড্রাম “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার এর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	স্টোরে ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও বিভিন্ন সাইজের তারের খালি ড্রাম	১০০০ (এক হাজার) কেজি (আনুমানিক)		

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ আগামী ৩০/১০/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী অথবা পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড- এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। খামের উপরে “নিলাম বিক্রয়যোগ্য মালামাল ক্রয়ের দরপত্র” লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১২:০৫ ঘটিকার সময় দাখিলকৃত সকল দরপত্র উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীল ব্যাংক হতে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া প্রদত্ত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।

০৩। উল্লেখিত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ও তারের খালি ড্রাম সমূহ আগামী ২৯/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পবিস এর প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।

০৪। মালামালের নাম, একক দর, দরদাতার নাম-ঠিকানা ইত্যাদি সু-স্পষ্ট ভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।

০৫। সর্বোচ্চ দরদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% (দশ শতাংশ) উৎসে কর এবং ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) মূল্য সংযোজন কর (ভ্যাট) নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে ফেনী পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৬। মালামাল সরবরাহের সময় পরিমাণ কম/ বেশী হলে মূল্য সমন্বয় করা হবে।

০৭। শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



৮-১০-২০২৩

হাওলাদার মোঃ ফজলুর রহমান

জেনারেল ম্যানেজার

ফোন: ০২৩৩৪৪-৭২৩০০

ইমেইল: fenipbs84@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (দরপত্র বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।)
- ৩) জেলা প্রশাসক, ফেনী।
- ৪) পুলিশ সুপার, ফেনী।
- ৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,-----পবিস-১/২/৩/৪ ।
- ৬) নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ফেনী ।
- ৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/সোনাগাজী /ছাগলনাইয়া/ফুলগাজী /দাগনভুইয়া/পরশুরাম উপজেলা, ফেনী ।
- ৮) ডিজিএম- সোনাগাজী /ছাগলনাইয়া/ফুলগাজী /দাগনভুইয়া/পরশুরাম জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, ফেনী পবিস ।
- ৯) সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, ফেনী।
- ১০) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১১) এজিএম (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি (বিজ্ঞপ্তিটি অত্র সমিতির ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত)।